জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা

Website:www.jb.com.bd

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট

নির্দেশ বিজ্ঞপ্তি ঃ- ৯০৩/১৯

তারিখ ২৫/০৯/২০১৯ ইং
১০ আশ্বিন, ১৪২৬ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ নুতন ও পুনঃপ্রচলনযোগ্য ব্যাংক/কারেন্সী নোটের উপর লেখা, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সী ডিপার্টমেন্টের ডিসিএম সার্কুলার নং ০৬/২০১৯ তারিখ ০৯/০৯/২০১৯ এর নির্দেশনা নিম্নরুপঃ

বাজারে প্রচলিত বাংলাদেশী ব্যাংক/কারেন্সী নোটসমুহের উপর সংখ্যা লিখন, সীল, স্বাক্ষর প্রদান ও বারবার স্ট্যাপলিং করার কারণে নোটসমুহ অপেক্ষাকৃত কম সময়ে অপ্রচলনযোগ্য হয়ে যাচেছ। বাংলাদেশ ব্যাংকের অনুসন্ধানে দেখা যায় যে, টাকার উপর লাল, নীল, কালোসহ বিভিন্ন কালিতে সংখ্যা লিখনের মাত্রা বৃদ্ধি পাচ্ছে এবং এ লেখালিখিতে ব্যাংকারগণের ভুমিকাই মুখ্য। এছাড়া সকল মূল্যমানের পুনঃপ্রচলনযোগ্য নোট প্যাকেটকরণে সীল প্রদানের বিষয়টি বর্তমানে ব্যাংকিং প্র্যাকটিসে পরিণত হয়েছে। এর ফলে খুব স্বল্প সময়ের মধ্যে নোটসমুহ ময়লা ও অচল হয়ে যাচ্ছে এবং ডিসিএম পরিপত্র নং ০২/২০১৬ এর যথাযথ পরিপালন না হওয়ায় স্ট্যাপলিং এর কারণে নোটের স্থয়িত্ব কমে যাচেছ যা বাংলাদেশ ব্যাংকের গৃহীত ক্লিন নোট পলিসি ও নোট ব্যবস্থাপনা কৌশলের সাথে সংগতিপূর্ণ নয়।

বাংলাদেশ ব্যাংকের কৌশলগত পরিকল্পনার ঘোষণা মোতাবেক "Clean note circulation policy" বাস্তবায়নের উদ্দেশ্যে এবং নোটের ব্যবহারিক সময়কাল বৃদ্ধির লক্ষ্যে সকলকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে:

০১.তফসিলি ব্যাংক কর্তৃক নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোট গ্রহণ, প্রদান এবং গণনাকরতঃ সটিং ও প্যাকেটিং করার সময় নোটের উপর কোনপ্রকার সংখ্যা লিখন, অনুস্বাক্ষর প্রদান, সীল প্রদান কিংবা অন্য কোন ধরনের লেখালিখি করা যাবে না। ডিসিএম সার্কুলার নং-০১/২০১৫ এর ১.(iii) পরিপালন নিশ্চিতকরণে নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোট প্যাকেটকরণের সময় ব্যাংকের মুদ্রিত ফ্লাইলীফে ব্যাংক শাখার নাম, সীল, নোট গণনাকারী ও প্রতিনিধিগণের স্বাক্ষর ও তারিখ আবশ্যিকভাবে প্রদান করতে হবে।

০২. তফসিলি ব্যাংক কর্তৃক ১০০০ টাকা মূল্যমানের নোট ব্যতীত যে কোন মূল্যমানের নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোটের প্যাকেট স্ট্যাপলিং করা যাবে না। মূল্যমান নির্বিশেষে (১০০০ টাকা মূল্যমানের নোট ব্যতীত) সকল নতুন ও পুনঃপ্রচলনযোগ্য নোট প্যাকেট ২৫ মি. মি. হতে ৩০ মি. মি. প্রশস্ত পলিমার টেপ অথবা পলিমারযুক্ত পুরু কাগজের টেপ (Polymar Coated Paper Tape) দ্বারা ব্যান্ডিং করতে হবে। তফসিলি ব্যাংকসমুহ তাদের নোটের নিরাপত্তার স্বার্থে বিশ্বের অন্যান্য দেশে ব্যাংক নোট ব্যান্ডিং এ ব্যবহৃত আরও উন্নত প্রযুক্তির অনুসরণ করতে পারে। তবে তা যেন বর্ণিত ব্যান্ডিং এর চেয়ে কার্যকর হয় তা নিশ্চিত করতে হবে। ১০০০ টাকা মূল্যমানের নোটের বিষয়ে ডিসিএম সার্কুলার নং- ০২/২০১৬ এ প্রদত্ত নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সকলকে নির্দেশ দেয়া হ'ল।

মোঃ আবদুর রউফ
উপ-মহাব্যবস্থাপক

শেখ মকবুল আহমেদ
মহাব্যবস্থাপক